

## বরিশাল সরকারী বালিকা বিদ্যালয়ে অনিয়ম ও দুর্নীতির তদন্ত দাবী

বরিশাল অফিসে ১১ স্থানীয় সরকারী বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকাসহ ৪ জন শিক্ষক বিএনপি নেতাদের হাতে অপমানিত হবার খবর বিভিন্ন সংবাদপত্রে প্রকাশের পর কেউ সম্বন্ধিত ৩২ জন আইনজীবী গত বুধবার এক মজুত বিবৃতিতে ঐ স্থানের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি তদন্তের জন্য কর্তৃপক্ষের নিকট দাবী জানিয়েছেন। বিএনপি নেতাদের সন্তানদের ঐ স্থলে ভর্তি করতে ব্যর্থ হওয়ায় ৪ নেতা সোমবার শিক্ষকদের গালাগালি ও বিভিন্ন

ধরনের হুমকি দেন। এ ঘটনা খামচাঁপা দেয়ার জন্যই আইনজীবীরা ঐ বিবৃতি দিয়েছেন বলে অভিভাবকদের ধারণা। বিবৃতিতে বলা হয় যে, স্থলে ভর্তি পরীক্ষায় অনিয়ম ও দুর্নীতি রয়েছে। বিভিন্ন অজুহাতে ছাত্রীদের কাছ থেকে অর্থ আদায় করা হয় যা পরে আয়ত্ত করা হচ্ছে। বিবৃতিদাতাদের মধ্যে রয়েছেন পিপি কামরুল আহসান শাহিন, মজিবুর রহমান নান্টু, এস, এম, আবদুল্লাহ ও মামান আর্কাদ।

এদিকে এই বিদ্যালয়ে গত (১৫শ পৃ: প্র:)

করে।

### বরিশাল সরকারী (৭ম পৃ: পর)

বুধবার ঐ ঘটনার প্রতিবাদে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। প্রধান শিক্ষিকা আইনুন নাহার সভাপতিত্ব করেন। শতাব্দী মহিলা পরিষদ স্বেচ্ছা শাখা বালিকা বিদ্যালয়ের শিক্ষকদের সাথে দুর্ভাবহারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।